

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.০২.০০২.১৯.২৭

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯

০১ মার্চ ২০২৩

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: "ইসলামী বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (৩য় পর্যায়)-১ম সংশোধিত" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০২ বছর অর্থাৎ জুলাই ২০১৮ থেকে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: পরিকল্পনা কমিশনের পত্র নং-২০.০২.০০০০.০১৬.১৪.০৭০.১৮/৪৪১, তারিখ: ২০/০২/২০২৩ খ্রি:

আমি নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে জুলাই ২০১৮ থেকে ডিসেম্বর ২০২২ মেয়াদে ৫৩৭০৭.০০ লক্ষ (পাঁচশত সাইত্রিশ কোটি সাত লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন "ইসলামী বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (৩য় পর্যায়)-১ম সংশোধিত" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০২ বছর অর্থাৎ জুলাই, ২০১৮ থেকে ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করছি। উল্লেখ্য, আলোচ্য বিষয়ে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন করতে হবে।

শর্তাবলী:

(ক) প্রস্তাবিত বর্ধিত মেয়াদ ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতকরণসহ নির্মাণ কাজের কাঙ্ক্ষিত গুণগতমান বজায় রাখতে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে;

(খ) প্রকল্প পরিচালক কর্তৃক নির্মাণ সাইটে ঠিকাদার প্রতিষ্ঠানের যন্ত্রপাতি, মালামাল ও লোকবলের মবিলাইজেশন বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে কোন গাফিলতি পরিলক্ষিত হলে ঠিকাদার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধির কারণে ঠিকাদার কর্তৃক কাজের গুণগতমান যাতে ক্ষুণ্ণ না হয় সে বিষয়ে সার্বক্ষণিক সতর্ক থাকতে হবে;

(গ) প্রস্তাবিত বর্ধিত মেয়াদে প্রকল্পের সকল প্যাকেজের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নিমিত্ত প্রকল্প কর্তৃপক্ষ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। পরবর্তীতে এ প্রকল্পের আর মেয়াদ বৃদ্ধি করা সমীচীন হবে না;

(ঘ) ভবন নির্মাণ শেষ হওয়ার অনতিবিলম্বে স্পেসিফিকেশন অনুযায়ী আসবাবপত্র, ল্যাবরেটরি যন্ত্রপাতি, ক্রীড়া সামগ্রী, মেডিকেল যন্ত্রপাতি ইত্যাদি সরবরাহ নিশ্চিত করতে হবে এবং সনাক্তকরণের লক্ষ্যে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে; এবং

(ঙ) উপরোল্লিখিত ক-ঘ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থাাদি সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

...

Results

১-৩-২০২৩

আসমা নাসরীন

উপসচিব

ফোন: ৯৫১৫১৮৮

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.০২.০০২.১৯.২৭/১(১১)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯
০১ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) সদস্য, অর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬) উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
- ৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) প্রকল্প পরিচালক, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন (৩য় পর্যায়)-১ম সংশোধিত শীর্ষক প্রকল্প, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
- ১০) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

Results

১-৩-২০২৩

আসমা নাসরীন

উপসচিব